
# মির্জা আব্বাসকে উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুরে নেওয়ার প্রস্তুতি



মির্জা আব্বাস। ছবি: সংগৃহীত

অসুস্থ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন আছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য, প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও সংসদ সদস্য মির্জা আব্বাস। উন্নত চিকিৎসার প্রয়োজনে তাকে সিঙ্গাপুরে পাঠানোর উদ্যোগ নেওয়া হয়েছে বলে দলীয় সূত্রে জানানো হয়েছে।

বৃহস্পতিবার (১২ মার্চ) দেওয়া এক বার্তায় জানানো হয়, চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী শুক্রবার (১৩ মার্চ) এয়ার অ্যাম্বুলেন্সে করে তাকে সিঙ্গাপুরে নেওয়ার প্রস্তুতি চলছে।

এর আগে বুধবার ইফতারের সময় পানি পান করতে গিয়ে হঠাৎ অসুস্থ হয়ে জ্ঞান হারান তিনি। শারীরিক অবস্থার উন্নতি না হওয়ায় গভীর রাতে তাকে হাসপাতালে ভর্তি করা হয়।

LENS ASIA